ইত্তেফাক

তারিখ ... 17/10/79

পৃষ্ঠা ... কলাম ...

014

# ইবনে সিনার ব্রোঞ্জ মূর্তি

মস্কো, ১৪ই অক্টোবর (বাসস/এপিএন)।—সোভিয়েট নৃতত্ত্ববিদ, বিজ্ঞানী ও ভাস্করা প্রখ্যাত বিজ্ঞানী ও চিকিৎসাবিদ ইবনে আবু সিনার এক হাজার বছর আগের মাথার খুলি ফটোচিত্র থেকে একটি ব্রোঞ্জ মূর্তি তৈরি করেছেন।

এই ব্রোঞ্জ মূর্তিটি উজবেকিস্তানের একটি মেডিক্যাল ইন্সটিটিউট অনুষ্ঠানিকভাবে রাখা হয়েছে যাতে করে ভবিষ্যতের ছাত্ররা এই মূর্তি দেখে প্রেরণা লাভ করতে পারে।

ইবনে সিনার জীবদ্দশায় অংকিত তাঁর কোন ছবি নেই। আর এই অভাব পূরণের উদ্দেশ্যেই সোভিয়েট বিজ্ঞানীরা তাঁর সহস্রতম জন্মবার্ষিকীতে এই মূর্তি তৈরির সিদ্ধান্ত নেন।

১৯৫১ সালে ইরানের হামদানে তাঁর দেহাবশেষ অন্য একটি যাদুঘরে অপসারণের সময়ে গৃহীত তাঁর খুলির ফটোচিত্র থেকেই এই ব্রোঞ্জ মূর্তি তৈরির পরিকল্পনা নেয়া হয়।

এই ফটো-চিত্র বিশ্ববিশ্রুত সোভিয়েট নৃতত্ত্ববিদ গেরাসিমভকে ইবনে সিনার অবয়বের রূপরেখা অংকনে সাহায্য করে।